কালের কণ্ঠ

তারিখ 04 SEP 2016
পৃষ্ঠা 2 কলাম 6

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে নবীনবরণ

# উচ্চশিক্ষা জঙ্গিবাদ-সন্ত্রাসের জন্য নয় : র‍্যাব ডিজি

**ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

জঙ্গিবাদকে বৈশ্বিক সমস্যা আখ্যা দিয়ে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) মহাপরিচালক বেনজীর আহমেদ বলেছেন, একসময় প্রান্তিক জনগোষ্ঠীর মানুষ জঙ্গিবাদে আকৃষ্ট হলেও বর্তমানে জঙ্গিবাদ উচ্চবিত্তে প্রবেশ করেছে। উচ্চবিত্ত পরিবারের উচ্চশিক্ষা গ্রহণকারী পাশ্চাত্য ভাবধারায় বড় হওয়া তরুণরা জঙ্গিবাদে নাম লিখিয়েছে। এটা বেসরকারি বিশ্ববিদ্যালয়ের একার দায়ভার নয়। এটা নিয়ে গবেষণার প্রয়োজন রয়েছে। তিনি বলেন, উচ্চশিক্ষা জঙ্গিবাদ কিংবা সন্ত্রাসের জন্য নয়।

গতকাল শনিবার সকালে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ফল সেমিস্টারের এক হাজার শিক্ষার্থীর নবীনবরণ অনুষ্ঠানে র‍্যাবের ডিজি এসব কথা বলেন। একই অনুষ্ঠানে বক্তব্য দেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আতিকুল ইসলামের সভাপতিত্বে অন্যদের মধ্যে আরো বক্তব্য দেন নর্থ সাউথ ট্রাস্টি বোর্ডের চেয়্যারম্যান আজিম উদ্দিন আহমেদ, বোর্ডের সদস্য এম এ হাশেম, রেহানা রহমান, ইয়াসমিন কামাল প্রমুখ। চারটি অনুষদের ১৬ বিভাগে এক হাজার শিক্ষার্থীকে ভর্তি করা হয়। ভর্তি পরীক্ষায় মেধাস্থান অর্জনকারী ৬২ শিক্ষার্থীকে ২৫ থেকে ১০০ ভাগ পর্যন্ত বৃত্তি দেওয়া হয়।

বেনজীর আহমেদ বলেন, 'পীর-আউলিয়ার দেশে জঙ্গিবাদ কিংবা সন্ত্রাসের মাধ্যমে ইসলামের প্রচার সম্ভব নয়। এ দেশে পীর, মাশায়েখ ও আউলিয়ারা ভালোবাসার মাধ্যমে ইসলামের বিস্তার ঘটিয়েছেন। আমরা বর্তমানে ইসলাম প্রচারে নতুন ধারা দেখতে পাচ্ছি, সন্ত্রাস ও বড় ভাইয়ের মাধ্যমে ইসলাম শেখানো হচ্ছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে উঠতি বয়সের তরুণদের দলে ভেড়াচ্ছে। সামাজিক মাধ্যম ভালো কাজেও ব্যবহৃত হচ্ছে। আবার এই মাধ্যমে জঙ্গিগোষ্ঠী তরুণদের দলেও টানছে। অষ্টম কিংবা নবম শ্রেণিতে পড়ুয়াদেরও দলে ভেড়াচ্ছে। এ বিষয়ে পরিবারকে মনিটরিং করতে হবে।' কোনো প্রচারণা দেখলে পুলিশ কিংবা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে জানানো পরামর্শ দেন তিনি।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বলেন, গুলশানে হলি আর্টিজানের পর বেসরকারি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়কে সমালোচনার মুখে পড়তে হয়েছে। জঙ্গিবাদ কারো একার ব্যর্থতা নয়। অনেক সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ে জঙ্গি তৈরি হয়নি, কিন্তু তারাও জঙ্গি নিয়ন্ত্রণে ব্যর্থ হয়েছে।

জঙ্গিবাদের বিরুদ্ধে সরকারের কঠোর অবস্থান তুলে ধরে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, কোনোভাবেই জঙ্গিবাদের কাছে মাথানত করব না। কিছুর বিনিময়েও আপস হবে না। যারা জঙ্গিবাদকে লালন কিংবা প্রশ্রয় দেবে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে—এমনটাই সরকারের পরিকল্পনা।

**জঙ্গিবাদ কারো একার ব্যর্থতা নয়—পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী জন কেরির বাংলাদেশ সফর প্রসঙ্গে শাহরিয়ার আলম বলেন, একসময় বাংলাদেশকে তলাবিহীন ঝুড়ি বলা হয়েছিল। এখন বাংলাদেশের রিজার্ভ ৩২ বিলিয়ন ডলার। মাথাপিছু আয় বেড়েছে। জন কেরির প্রশংসাও সবাই দেখেছে। অনেক কষ্টের মধ্য দিয়ে দেশ এখানে এসেছে। সেই কষ্টের দিনগুলো ভুলে গেলে চলবে না। বর্তমানে বাংলাদেশে ৫০ শতাংশের বেশি তরুণ। মাথাপিছু আয় বৃদ্ধি ও প্রবৃদ্ধির উন্নয়নকে বাংলাদেশের ঐতিহাসিক সময় আখ্যা দেন তিনি।

বাংলাদেশ, বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্যকে জানার আহ্বান জানিয়ে শিক্ষার্থীদের উদ্দেশে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, জঙ্গিবাদী পথে যাওয়া যাবে না। এটা পরিহার করতে হবে। আর কেউ জঙ্গিবাদের সঙ্গে জড়িত জানতে পারলে পুলিশকে খবর দিতে হবে। নতুবা এটা ব্যক্তিগত অপরাধ হবে।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়্যারম্যান আজিম উদ্দিন আহমেদ বিশ্ববিদ্যালয়ের নানা উন্নয়ন তুলে ধরে বলেন, 'জঙ্গিবাদ প্রতিরোধে আমরা প্রস্তুত। সাম্প্রদায়িকতা ও জঙ্গিবাদের বিরুদ্ধে সরব প্রতিরোধ রয়েছে। দেশপ্রেম ও জাতীয়তাবোধ শিক্ষা দিতে ধারাবাহিক কর্মকাণ্ড চলছে।' বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি পরিবারকেও নিজ সন্তানের খোঁজখবর নেওয়ার আহ্বান জানান তিনি।